# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১২৪৬

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৮৭. যিনি বলেন, প্রত্যেক দল কেবল এক রাক‘আত আদায় করবে, পুরো সালাত নয়

باب مَنْ قَالَ يُصَلِّي بِكُلِّ طَائِفَةٍ رَكْعَةً وَلَا يَقْضُونَ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا يَحْيَى، عَنْ سُفْيَانَ، حَدَّثَنِي الأَشْعَثُ بْنُ سُلَيْمٍ، عَنِ الأَسْوَدِ بْنِ هِلاَلٍ، عَنْ ثَعْلَبَةَ بْنِ زَهْدَمٍ، قَالَ : كُنَّا مَعَ سَعِيدِ بْنِ الْعَاصِ بِطَبَرِسْتَانَ فَقَامَ فَقَالَ : أَيُّكُمْ صَلَّى مَعَ رَسُولِ اللهِ صلي الله عليه وسلم صَلاَةَ الْخَوْفِ؟ فَقَالَ حُذَيْفَةُ : أَنَا فَصَلَّى بِهَؤُلاَءِ رَكْعَةً وَبِهَؤُلاَءِ رَكْعَةً وَلَمْ يَقْضُوا . قَالَ أَبُو دَاوُدَ : وَكَذَا رَوَاهُ عُبَيْدُ اللهِ بْنُ عَبْدِ اللهِ وَمُجَاهِدٌ عَنِ ابْنِ عَبَّاسٍ عَنِ النَّبِيِّ صلي الله عليه وسلم وَعَبْدُ اللهِ بْنُ شَقِيقٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلي الله عليه وسلم وَيَزِيدُ الْفَقِيرُ وَأَبُو مُوسَى قَالَ أَبُو دَاوُدَ : رَجُلٌ مِنَ التَّابِعِينَ لَيْسَ بِالأَشْعَرِيِّ جَمِيعًا عَنْ جَابِرٍ عَنِ النَّبِيِّ صلي الله عليه وسلم وَقَدْ قَالَ بَعْضُهُمْ : فِي حَدِيثِ يَزِيدَ الْفَقِيرِ إِنَّهُمْ قَضَوْا رَكْعَةً أُخْرَى. وَكَذَلِكَ رَوَاهُ سِمَاكٌ الْحَنَفِيُّ عَنِ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ صلي الله عليه وسلم وَكَذَلِكَ رَوَاهُ زَيْدُ بْنُ ثَابِتٍ عَنِ النَّبِيِّ صلي الله عليه وسلم قَالَ : فَكَانَتْ لِلْقَوْمِ رَكْعَةً رَكْعَةً وَلِلنَّبِيِّ صلي الله عليه وسلم رَكْعَتَيْنِ .

- صحيح

বাংলা

১২৪৬। সা’লাবাহ ইবনু যাহদাম (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমরা সাঈদ ইবনুল ’আস (রাঃ)-এর সাথে ’তাবারিস্তান’ অভিযানে ছিলাম। তিনি সেখানে দাঁড়িয়ে জিজ্ঞেস করলেন, আপনাদের মধ্যে এমন কে আছেন, যিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে ’সালাতুল খাওফ’ আদায় করেছেন? হুযাইফাহ (রাঃ) বলেন, আমি। অতঃপর তিনি একদলকে নিয়ে এক রাক’আত এবং আরেক দলকে নিয়ে এক রাক’আত সালাত আদায় করেন। এ সময় তারা (মুক্তাদীরা) অবশিষ্ট (এক রাক’আত) সালাত পূরণ করেনি।[1]

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, অনুরূপ বর্ণনা করেছেন 'উবায়দুল্লাহ ইবনু 'আবদুল্লাহ ও মুজাহিদ- ইবনু 'আব্বাস হতে মারফূ'ভাবে এবং 'আবদুল্লাহ ইবনু শাকীক- আবূ হুরাইরাহ হতে মারফূ'ভাবে, এবং ইয়াযীদ আল-ফাক্বীর ও তাবিঈ আবূ মূসা- জাবির হতে মারফূ'ভাবে। অনুরূপভাবে সিমাক আল-হানাফী (রহঃ) ইবনু 'উমার রাযিয়াল্লাহু 'আনহুমা থেকে। কতিপয় বর্ণনাকারী ইয়াযীদ ইবনু ফাক্বীরের হাদীসে বলেন, তারা বাকী এক রাক'আত পূর্ণ করে নেয়। অনুরূপ বর্ণনা করেছেন যায়িদ ইবনু সাবিত (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে। তিনি বলেন, সকল লোকের জন্য ছিল এক রাক'আত এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জন্য ছিল দু' রাক'আত।

সহীহ।

## English

Narrated Hudhayfah:

Tha'labah ibn Zahdam said: We accompanied Sa'd ibn al-'As at Tabaristan. He stood and said: Which of you prayed along with the Messenger of Allah (ﷺ) in time of danger? Hudhayfah said: I then he led one section in one rak'ah and the other section in one rak'ah. They did not pray the second rak'ah by themselves.

Abu Dawud: This tradition has been transmitted by 'Ubaid Allah b. 'Abd Allah and Mujahid on the authority of Ibn 'Abbas from the Prophet (ﷺ) in like manner. This has also been narrated by 'Abd Allah b. Shaqiq from Abu Hurairah from the Prophet (ﷺ). Yazid al-Faqir and Abu Musa also narrated this tradition from Jabir from the Prophet (ﷺ). Some of the narrators said in the version narrated by Yazid al-Faqir that they completed their second rak'ah. This has also been narrated by Simak al-Hanafi on the authority of Ibn 'Umar from the Prophet (ﷺ) something similar. Zaid b. Thabit also narrated from the Prophet (ﷺ) in like manner. This version adds: The people prayed on rak'ah and the Prophet (ﷺ) prayed two rak'ahs.

ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায় : সালাতুল খাওফ, হাঃ ১৫২৮), আহমাদ (৫/৩৯৯), ইবনু খুযাইমাহ (হাঃ ১৩৪৩) সকলে সুফয়ান হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ সালাবা ইবন যাহদাম ইয়ারবু'ঈ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58564

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন